

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.৬৩২

তারিখ: ৩০ কার্তিক ১৪২৮

১৫ নভেম্বর ২০২১

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে আবেদনপত্র পাওয়া গেছে:

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা                               | আবেদনের বিষয়                           |
|-----------|---|---|
| ১         | সেন্ট মনিকা জুনিয়র স্কুল, কেওয়াচালা, শ্রীপুর, গাজীপুর | নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি |
| ২         | গুমাইল উচ্চ বিদ্যালয়, সাভার, ঢাকা                      | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি  |

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিম্ন মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শন করে নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ/সংযুক্ত করে নির্ধারিত ছক মোতাবেক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) প্রতিষ্ঠানের EIIN নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ও ইমেইল ঠিকানা;
- (২) প্রতিষ্ঠানের নিজস্ব জমির নামজারি এবং হালনাগাদ খাজনা পরিশোধের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);
- (৩) ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণ হলে ব্যক্তির পরিচয় প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তিনামে নামকরণের জন্য স্তরভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(ক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি (খ) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক- সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে); ও
- (৪) উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের ক্ষেত্রে- ৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারি শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ)।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১৫-১১-২০২১

আনোয়ারুল হক

উপসচিব

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৫৪৫৭২০


ইমেইল: ds\_sec2@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.৬৩২/১(৫)

তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৮  
১৫ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ২) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) প্রধান শিক্ষক, .....
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৫-১১-২০২১  
আনোয়ারুল হক  
উপসচিব